I 6328

(A)

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA
28/3/92

STAMP [illegible] BY
26/3/92

# মেমোরেন্ডাম অফ পার্টিশান

বা

ফ্যামিলী এ্যারেঞ্জমেন্ট পত্র ।

::::::::::::::::::::::::::::::::::::::

প্রথম পক্ষ :

শ্রী বিমল কুমার দত্ত , পিতা মৃত প্রিয়নাথ দত্ত , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং ৫ নং চন্দ্রনাথ চ্যাটার্জী ষ্ট্রীট , কলিকাতা - ২৫ ।

দ্বিতীয় পক্ষ :

১) শ্রীমতী রেবা রানী দত্ত , স্বামী মৃত রবীন্দ্র নাথ দত্ত , জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী , সাং ৫ চন্দ্রনাথ চ্যাটার্জী ষ্ট্রীট , কলিকাতা - ২৫ ।

২) শ্রী প্রনব কুমার দত্ত , পিতা মৃত রবীন্দ্র নাথ দত্ত , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং ৫ নং চন্দ্রনাথ চ্যাটার্জী ষ্ট্রীট , কলিকাতা - ২৫ ।

পর পৃ -

৩) শ্রী প্রবীর কুমার দত্ত , পিতা মৃত রবীন্দ্র নাথ দত্ত ,
জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং ৫ নং চন্দ্র নাথ
চ্যাটার্জী ষ্ট্রীট , কলিকাতা - ২৫ ।

৪) শ্রীমতী অঞ্জুরানী বোস স্বামী শ্রী অজিত কুমার বোস ,
জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী , সাং ১৮ নং গোবিন্দ
আঢ্য রোড , থানা - আলিপুর , কলিকাতা - ।

৫) শ্রী প্রতাপ কুমার দত্ত , পিতা মৃত রবীন্দ্র নাথ দত্ত ,
জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং ৫ নং চন্দ্র নাথ
চ্যাটার্জী ষ্ট্রীট , কলিকাতা - ২৫ ।

৬) শ্রীমতী মঞ্জুরানী বোস , স্বামী শ্রী নিরঞ্জন বোস ,
জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী , সাং ১৮ নং গোবিন্দ
আঢ্য রোড , থানা - আলিপুর , কলিকাতা ।

কস্য মেমোরেন্ডাম অফ পার্টিশান বা ফ্যামিলী এ্যারেঞ্জমেন্ট পত্র মিদং কার্য্যাঞ্চাগে , শহর কলিকাতা ভবানীপুর থানার অন্তর্গত ৩।৩ নং , ৪ নং ও ৫ নং চন্দ্রনাথ চ্যাটার্জী ষ্ট্রীটস্থ নিম্ন তপশীলে

পর পৃ -

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.

বিশদ ভাবে বর্নিত কমবেশী ১৫ কাঠা ৫ ছটাক ৩১ স্কোয়ার ফুট জমি সায় তদুপরিস্থিত বহুকালের পুরাতন জীর্ন বাটী সায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি পক্ষগনের উত্তরাধিকারী এবং দান পত্র সূত্রে প্রাপ্ত সম্পত্তি হইতেছে।

প্রকাশ থাকে যে প্রথম পক্ষের পিতা দ্বিতীয় পক্ষের ১ নং শ্বশুড় মহাশয় এবং দ্বিতীয় পক্ষের ২ নং হইতে ৬ নং পক্ষগনের পিতমহ মৃত প্রিয়নাথ দত্ত মহাশয়ের সম্পত্তি থাকে। বিগত ২১।১২।১৯৩১ তারিখে উক্ত প্রিয়নাথ দত্ত মহাশয়ের লোকান্তে সত্য তিন পুত্র প্রথম ও দ্বিতীয় পক্ষের ২ নং হইতে ৬ নং পক্ষগনের পিতা ও দ্বিতীয় পক্ষের ১ নং এর স্বামী অধুনা মৃত রবীন্দ্র নাথ দত্ত এবং অধুনা মৃত নির্মল কুমার দত্ত এবং তস্য মাতা অধুনা মৃত শৈল বালা দেবী তৎ ত্যক্ত সম্পত্তির ১।৪ অংশ করিয়া তুল্যাংশে মালিক ও দখলীকার হয়েন। উক্ত প্রথম পক্ষ ও তাহার জ্যেষ্ঠ ভ্রাতা রবীন্দ্র নাথ দত্ত ও কনিষ্ঠ ভ্রাতা নির্মল কুমার দত্ত মহাশয় ও শৈল বালা দেবী তপশীল বর্নিত সম্পত্তিতে এজমালে ভোগ দখলীকার থাকাবস্থায় বিগত ১৫.৭.৬৭ তারিখে রবীন্দ্র নাথ দত্ত পরলোক গমন করিলে পর তাহার উক্ত মাতা শ্রীমতী শৈল বালা দেবী এবং দ্বিতীয় পক্ষ গণ তুল্যাংশে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত হয়েন এবং প্রথমপক্ষ ও তস্য ভ্রাতা

পর পৃ -

THE SEAL OF THE REGISTRAR OF ASSURANCES

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.

নির্মল কুমার দত্ত ও তাহাদের মাতা শ্রীমতী শৈলবালা দেবী ( অধুনা মৃত ) সহিত একমালে মালিক ও দখলিকার থাকিয়া ভোগ দখলে কায়েম থাকেন। পশ্চাৎ বিগত ৪ - ৭ - ১৯৭১ তারিখে উক্ত শ্রীমতী শৈল - বালা দেবী . কোন উইল না করিয়া পরলোক গমন করিলে তৎত্যক্ত উপরিউক্ত নিম্ন ।ক। তপশীলে বর্নিত সম্পত্তির অবিভক্ত অংশ তাঁহার দুই পুত্র প্রথমপক্ষ এবং অধুনা মৃত নির্মল কুমার দত্ত এবং তাঁহার মৃত পুত্র রবীন্দ্র নাথ দত্তের পুত্র কন্যাগণ অত্র দলিলের দ্বিতীয় পক্ষের দুই নম্বর হইতে ছয় নম্বর একত্রে এবং তাঁহার অধুনা মৃত চার কন্যা শ্রীমতী সুষমা ঘোষ , শ্রীমতী কমলা ঘোষ , শ্রীমতী মীরা রানী মিত্র এবং শ্রীমতী শান্তি রানী নিয়োগী সকলে হিন্দু উত্তরাধিকার আইন অনুযায়ী তুল্যাংশে প্রাপ্ত হইয়া একমালে মালিক ও দখলকার হইয়া ভোগ করিয়া আসিতেছেন। উহার পশ্চাৎ উক্ত শ্রীমতী শৈল বালা দেবীর চার কন্যা কোন উইল না করিয়া তাঁহাদের স্ব স্ব পুত্র ও কন্যাগণ দিগকে উত্তরাধিকার রাখিয়া পরলোক গমন করেন এবং উহার পশ্চাৎ বিগত - ২৮ - ১২ - ১৯৯১ তারিখে উক্ত নির্মল কুমার দত্ত অবিবাহিত অবস্থায় কোনরূপ উইল না করিয়া পরলোক গমন করায় এবং তাঁহার অপর কোন ভ্রাতা ও ভগিনী না থাকায় তাঁহার একমাত্র ভ্রাতা প্রথমপক্ষ হিন্দু

পর পৃ -

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.

উত্তরাধিকার আইন অনুযায়ী উক্ত নির্মল কুমার দত্তের ত্যক্ত সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির মালিক ও দখলকার হইয়া (ক) তপশীল ভুক্ত সম্পত্তিতে $\frac{8}{9}$ অংশের মালিক ও দখলকার হয়েন ।

উক্ত শৈল বালা দেবীর চারি কন্যার উত্তরাধিকার হইয়া তাঁহার প্রথমা কন্যা শ্রীমতী সুষমা ঘোষের একপুত্র ও তিন কন্যা শ্রী বৃজেন্দ্র নাথ ঘোষ, শ্রীমতী ইলু দত্ত, শ্রীমতী রুবী দত্ত, এবং শ্রীমতী - টুটু বোস এবং তাঁহার দ্বিতীয়া কন্যা শ্রীমতী কমলা ঘোষের একমাত্র পুত্র শ্রী প্রভাত কুমার ঘোষ এবং তাঁহার তৃতীয়া কন্যা শ্রীমতী মীরা - রানী মিত্রের তিন পুত্র ও দুই কন্যা শ্রী তরুন কুমার মিত্র, শ্রী বরুন কুমার মিত্র, শ্রী স্বপন কুমার মিত্র শ্রীমতী করবী দে এবং শ্রীমতী পুরবী বোস এবং চতুর্থা কন্যা শ্রীমতী শান্তি রানী নিয়োগীর এক পুত্র ও দুই কন্যা শ্রী জয়ন্ত নিয়োগী শ্রীমতী গোপা ঘোষ এবং শ্রীমতী স্বপ্না ঘোষ তাঁহাদের যাহা কিছু অবিভক্ত অংশ উক্ত নিম্ন ।ক। তপশীল ভুক্ত সম্পত্তিতে ছিল তাহা বিগত ৩ - ১১১২ - তারিখে এক কেতা দান পত্র মূলে প্রথম পক্ষে এবং দ্বিতীয় পক্ষ গণকে একত্রে তুল্যাংশে দান করিয়া নিঃস্বত্ব হয়েন । এক্ষনে প্রথম ও

পর পৃ -

THE SEAL OF THE REGISTRAR OF

REGISTRAR OF ASSURANCES

দ্বিতীয় পক্ষ উপরিউক্ত ও নিম্ন ।ক। তপশীল ভুক্ত সম্পত্তিতে যথাক্রমে

১/১৪ অংশ এবং ৬০/১৬৮ অংশের মালিক ও দখলকার হয়েন।

এক্ষনে প্রকাশ থাকে যে ।ক। তপশীল বর্নিত সম্পত্তিতে প্রথম ও দ্বিতীয় পক্ষগনের পৈতৃক উত্তরাধিকার সূত্রে ও উপরিউক্ত দান পত্রে প্রাপ্ত হইয়া আমরা অদ্যাবধি যৌথ ভাবে ভোগ দখল করিয়া - আসিতেছি ।

আরো প্রকাশ থাকে যে পক্ষগণ তাহাদের পূর্বাধিকার শৈল বালা দেবীর আদেশ ও ইচ্ছাক্রমে আপোষে ।ক। তপশীল ভুক্ত সম্পত্তি পৃথক পৃথক ভাগে ভোগ দখল করিতেছিলেন । কিন্ত শৈল বালা দেবীর মৃত্যুর পর উক্ত পক্ষগনের মধ্যে নানারূপ অশান্তির সৃষ্টি হয় । উক্ত পক্ষগনের শান্তি পূর্ন দখলে অসুবিধার সৃষ্টি হইলে ।ক। তপশীল বর্নিত সম্পত্তি লইয়া পক্ষগনের মধ্যে ইতিপূর্বে বহু মামলা মোকর্দ্দমা হইয়া গিয়াছে এবং আরও মোকর্দ্দমা হইবার উপক্রম হইয়া পড়ায় পক্ষগনের মধ্যে শান্তি শৃংখলা ও আত্মীয়তা নষ্ট হইবার আশঙ্খা দেখা দিয়াছে । কিন্ত পক্ষগনের নিকট আত্মীয় শ্রী সৌমেন্দ্র নাথ নিয়োগী শ্রী বরুন কুমার মিত্র , শ্রী ব্রজেন্দ্র

পর পৃ -

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.

কুমার ঘোষ ও শ্রী প্রভাত ব্রত ঘোষ অক্লান্ত চেষ্টায় ও নিঃস্বার্থ হস্তক্ষেপের ফলে এবং উক্ত শৈল বালা দেবীর মৃত চারি কন্যার ওয়ারিশানগনের তাঁহাদের নিজ নিজ অংশ প্রথম ও দ্বিতীয় পক্ষগনের অনুকূলে স্বেচ্ছায় দানপত্র করিয়া নিঃস্বত্ব হওয়ায় প্রথম পক্ষ তাঁহার ।ক। তপশীল সম্পত্তিতে $\frac{১}{১৪}$ অংশ এবং দ্বিতীয় পক্ষের $\frac{৬০}{১৬৮}$ অংশ থাকা সত্বেও আপনাদের মধ্যে শান্তি শৃংখলা ও মনোমালিন্য - চিরতরে দূর করিবার জন্য পক্ষগণ একত্রে একযোগে নির্বিধন নিম্ন - লিখিত শর্তে ।ক। তপশীল বর্নিত সম্পত্তি অত্র দলিল সংলগ্ন নকসা অনুযায়ী চিহ্নিত মতে বিভাগ বন্টন করিয়া লইতে স্বীকৃত হইলেন।

-: শর্ত যথা :-

১) ।ক। তপশীল বর্নিত যৌথ সম্পত্তির মধ্যে লট 'এ' চিহ্নিত অংশ প্রথম পক্ষের অংশে নির্দিষ্ট হইল। উক্ত লট 'এ' চিহ্নিত - অংশে প্রথমপক্ষ বায় ওয়ারিশ স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে দান বিক্রয় ইত্যাদি সর্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা রহিল যাহা ।খ। তপশীলে ১ এবং ২ বন্দে বিশদ ভাবে বর্নিত হইল।

পর পৃ -

THE SEAL OF THE REGISTRAR OF CALCUTTA

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA

২)    ।ক। তপশীল বর্নিত যৌথ সম্পত্তির মধ্যে লট 'বি' চিহ্নিত অংশ দ্বিতীয় পক্ষের অংশে নির্দিষ্ট হইল। উক্ত লট (বি) চিহ্নিত অংশ দ্বিতীয় পক্ষ যায় ওয়ারিশ স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে দান বিক্রয় ইত্যাদি সর্ব প্রকার হস্তান্তরের ক্ষমতা রহিল যাহা ।ক। তপশীলে বিশদ ভাবে বর্নিত হইল।

৩)    প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষগণ নিজ নিজ দখল কিছু পরিবর্তন করিয়া পক্ষগনের অংশ নির্ধারত করা হইল।

৪)    লট 'এ' চিহ্নিত অংশের একতলে লট 'বি' চিহ্নিত অংশের দ্বিতলে যে বাথরুম আছে তাহা পক্ষগণ নিজ নিজ অংশে একক ভাবে পাইবেন। অন্য কোন পক্ষের কোন দাবী থাকিবে না।

৫)    ।ক। তপশীল বর্নিত যৌথ সম্পত্তিতে প্রথম ও দ্বিতীয় পক্ষগণ আপন আপন সুবিধা অনুযায়ী ছাড়াইয়া ছিটাইয়া ভাড়া দিয়া ভাড়া আদায় করিয়া আসিতেছেন। এক্ষনে অত্র দলিল মূলে পক্ষগনের নির্দিষ্ট অংশের ভাড়াটিয়াদের নিকট ভাড়া আদায় করিবেন এবং উক্ত পক্ষগণ ভাড়াটিয়াদের তদ্রুপ নোটিশ দিয়া অবগত করাইবেন। তবে যতদিন না উভয় পক্ষের নিজ নিজ নাম কলিকাতা কর্পোরেশনে পত্তন

পর পৃ -

REGISTRAR OF ASSURANCES

( মিউটেশন ) হইতেছে ততদিন ৪ নং এবং ৫ নং (ক - ১ ) তপশীল বাটির যৌথ ভাবে যে ট্যাক্স বিল আসিবে তাহা উভয় পক্ষ দুই সমান অংশে আদায় দিবেন এবং উহা সকল বন্টনের ঐ সময়ের জন্য অত্র ২য় পক্ষগণ তাহাদের অংশের সম পরিমান অর্থের একটি ভাড়া ১ম পক্ষগণ কে আদায় করিবার এবং ট্যাক্স পেমেন্ট করিবার অনুমতি দিলেন ।

৬) প্রথম ও দ্বিতীয় পক্ষগণ নিজ নিজ অংশে জল সরবরাহ ইলেকট্রিক লাইন গ্যাস লাইন টেলিফোন লাইন ইত্যাদির ব্যবস্থা অদ্য তারিখ হইতে ছয় মাসের মধ্যে করিয়া লইবেন । নচেৎ আইন আমলে আসিবেন ।

৭) প্রথম ও দ্বিতীয় পক্ষগণ নিজ নিজ অংশে জল নিকাশী ড্রেণ প্রয়োজন বোধে অদ্য হইতে ছয় মাসের মধ্যে আলাদা করিয়া - লইবেন ।

৮) প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষগণ নিজ নিজ অংশ আলাদা করিবার জন্য অদ্য হইতে নিজ নিজ খরচায় পাকা প্রাচীর উঠাইতে পারিবেন এবং এক পক্ষের প্রাচীর অন্য পক্ষের কোনরূপ ভাবে ব্যবহারের অধিকার থাকিবে না ।

পর পৃ -

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA

৯)    ।ক। তপশীল বর্নিত সম্পত্তির বাটি ও ঘরের অসংলগ্ন অবস্থা বিবেচনা করিয়া সম্পত্তির অংশ কিছু কমবেশী হইল। কিন্তু পক্ষগণ তাহা মানিয়া লইলেন এবং প্রতিটি অংশের মুল্য বাবদ কলিকাতায় মিউনিসিপ্যাল করপোরেশনের বর্ত্তমান এ্যানুয়াল ভ্যালুয়েশন যথাক্রমে ৩।৩ নং এর ২৭০০, দুই হাজার সাত শত টাকা ৪ নং এর ৩৫০০, তিন হাজার পাঁচ শত টাকা এবং ৫ নং এর ১৪৮৫০, চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র মুল্য অনুসারে প্রথম পক্ষের $\frac{৯}{১৪}$ অংশের মুল্য ২,৭০,৭৭১ টাকা ৪৯ পয়সা ( দুই লক্ষ সত্তর হাজার সাত শত একাত্তর টাকা উন পঞ্চাশ পয়সা মাত্র এবং দ্বিতীয় পক্ষের $\frac{৫}{১৪}$ - অংশের মুল্য ১,৫০,৪২৮.৫১ এক লক্ষ পঞ্চাশ হাজার চার শত আঠাশ এবং পয়সা একান্ন মাত্র।

১০)    প্রথম ও দ্বিতীয় পক্ষগণ দলিল সম্পাদনের তারিখ হইতে তিন দিনের মধ্যে নিজ নিজ নাম পত্তন করিবার জন্য কলিকাতা করপোরেশনের দরখাস্ত দিবেন। এবং ইহাতে একে অন্য পক্ষকে সাহায্য করিবেন।

১১)    ।ক। তপশীল বর্নিত উত্তর দিকের দ্বিতলে যে তিনটি ঘর -

পর পৃ -

THE SEAL OF THE REGISTRAR OF CALCUTTA

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.

28/8/92

লইয়া বর্ত্তমানে প্রথম পক্ষের একটি ভাড়াটিয়া আছে, যেহেতু অত্র দলিলে উভয় পক্ষের অংশের মধ্যেই উহা আংশিকভাবে পড়িতেছে, ১ম পক্ষগণকে অত্র হইতে ছয় মাসের মধ্যে উক্ত ভাড়াটিয়াকে নিজ অংশে স্থানান্তরিত করিতে হইবে এবং ঐ ছয় মাস সময়ের ঐ ভাড়াটিয়া বর্ত্তমান ভাড়ার অর্দ্ধেক অংশ ১ম পক্ষগণ ২য় পক্ষগণকে দিবেন এবং ঐ ছয় মাস মেয়াদ শেষ না হওয়া পর্য্যন্ত উহাদিগকে বর্ত্তমানে যেরূপ প্রবেশ পথ, সিঁড়ি, বাথরুম এবং জল ব্যবহার করিতেছেন, ২য় পক্ষগণ সেইরূপ ব্যবহারের অনুমতি দিতে বাধ্য থাকিবেন। উক্ত ভাড়াটিয়া ঐ সময়ের জন্য একতলার বাথরুমটি যৌথভাবে - ব্যবহারের অনুমতি দিবেন, এবং ঐ ছয় মাসের মধ্যে ২য় পক্ষগণ নিজ জায়গায় ভাড়াটিয়াগনের জন্য বাথরুম ও পায়খানার ঘর - নির্মান করিয়া লইবেন অন্যথায় যতদিন না ঐ নির্মান কার্য্য সম্পন্ন হইতেছে ততদিন ১ম পক্ষগণ ঐ ভাড়াটিয়া স্থানান্তরিত করিতে বাধ্য থাকিবেন না।

অত্র দলিলের কোন শর্ত্ত কোন পক্ষ মানিতে অস্বীকার করিলে আইন আমলে আসিবেন এবং যে পক্ষ শর্ত্ত অমান্য করিবেন তাঁহার বা তাঁহাদের অংশ অপর পক্ষের নিকট চার্জ হইয়া থাকিবে যতদিন না সেই পক্ষ অত্র দলিলের সেই শর্ত্ত না মান্য করেন।

পর পৃ -

THE SEAL OF THE REGISTRAR OF ASSURANCES CALCUTTA

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.

28/3/92

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরনে দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া অন্যের বিনা কায়দায় বিনা প্ররোচনায় অত্র দলিলের সহি সম্পাদন করিলাম।

ইতি সন ইংরাজী ১৯৯২ সালের - ২৪ মার্চ ;

বাংলা ১৩৯৮ সালের - ১৪ চৈত্র ,

।ক। তপশীল ভুক্ত যৌথ সম্পত্তি

১) শহর কলিকাতা থানা ভবানীপুর ডিঃ রেজেষ্ট্রী ও সাব রেজিষ্ট্রী আলিপুরের অন্তর্গত কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশন এর ৪ ও ৫ নং হোল্ডিং ভুক্ত কমবেশী ১৪ কাঠা ৩ ছটাক ২১ স্কোয়ার ফুট বাস্ত জমি সায় তদুপরিস্থিত বহুকালের পুরাতন জীর্ন বাস্ত বাটী সায় যাবতীয় ইজমেন্ট আওলাতাদি সহ দরবস্ত হক্ক সম্পত্তি ইহার - চৌহদ্দি -

উত্তর : ৪' ফুট কমন প্যাসেজ পার পারেশের বাটী।

পূর্ব্বে : ১২' ফুট কমন প্যাসেজ পার ৩।৩ চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট ,

পর পৃ -

THE SEAL OF THE REGISTRAR OF CALCUTTA

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA
28/3/92

দক্ষিনে : চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট,

পশ্চিমে : ১২' ফুট কমন প্যাসেজ পার ৬ নং চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট।

২) ঐ শহর ঐ থানা ঐ রেজিষ্ট্রী অফিস ঐ করপোরেশন এর অন্তর্গত ৩।৩, চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট হোল্ডিং ভুক্ত - কমবেশী ১ কাঠা ২ ছটাক ১০ স্কোয়ার ফুট জমি ও তদুপরিস্থিত মোটর গ্যারেজ এর শেড ও যাবতীয় ইজমেন্ট আওলাতাদি সহ দরবস্ত হক্ক সম্পত্তি।

-: ইহার চৌহদ্দি :-

উত্তর : ৩।২ ডি: চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট,

পূর্ব্ব : ৩।২ এ ও ৩।২ চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট,

দক্ষিন : ৩।২ চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট,

পশ্চিম : ১২' কমন প্যাসেজ পার ৫ নং ও ৪ নং চন্দ্র - নাথ চ্যাটার্জী ষ্ট্রীট।

-: তপশীল ভুক্ত সম্পত্তি :-

১) যাহা একাইক ভাবে প্রথম পক্ষের অংশে নির্দিষ্ট হইল এবং

পর পৃ -

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA
28/3/92

অত্র সহ সংলগ্ন নকসায় লট (এ) চিহ্নিত মতে লাল বর্ডার দ্বারা দেখান হইল । উক্ত সম্পত্তি মোট পরিমান ৭ কাঠা ৪ ছটাক ১০ স্কো: ফুট ।

-: ইহার চৌহদ্দি :-

উত্তর : ৫। বি, চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট ,

পূর্ব্ব : ১২' ফুট কমন প্যাসেজ ।

দক্ষিন : চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট ,

পশ্চিম : লট 'বি' সম্পত্তি ।

২) তপশীল উক্ত সম্পত্তি যাহা একাইক ভাবে প্রথম পক্ষের অংশে নির্দিষ্ট হইল এবং অত্র সংলগ্ন নকসায় লট 'এ' চিহ্নিত মতে লাল বর্ডার দ্বারা দেখান হইল উক্ত সম্পত্তির মোট পরিমান এক কাঠা দুই ছটাক দশ স্কোয়ার ফুট ।

-: ইহার চৌহদ্দি :-

উত্তর : ৩।২ ডি চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট ,
পূর্ব : ৩।২ ও ৩।এ চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট ,
দক্ষিন : ৩।২ চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট ,
পশ্চিম : ১১' ফুট কমন প্যাসেজ পার ৪ নং চন্দ্র নাথ চ্যাটার্জী ষ্ট্রীট ।

পর পৃ -

SEAL OF THE REGISTRAR OF ...

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA
28/3/92

উক্ত দুই দফায় মোট পরিমান ৮ কাঠা ৬ ছটাক ২০ স্কো: ফুট

।গ। তপশীল উক্ত সম্পত্তি যাহা একাইক ভাবে দ্বিতীয়পক্ষের অংশে নির্দিষ্ট হইল এবং অত্র সংলগ্ন নকসায় লট 'বি' চিহ্নিত মতে হরিদ্রা বর্ডার দ্বারা দেখান হইল উক্ত সম্পত্তির মোট পরিমান ৬ কাঠা ১৫ ছটাক ১১ স্কো: ফুট ।

-: ইহার চৌহদ্দি :-

| | | |
|---|---|---|
| উত্তর | : | ৫। বি, চন্দ্রনাথ চ্যাটার্জী ষ্ট্রীট, |
| পূর্ব্ব | : | লট 'এ' সম্পত্তি । |
| পশ্চিম | : | ৬ নং চন্দ্রনাথ চ্যাটার্জী ষ্ট্রীট, |
| দক্ষিন | : | চন্দ্রনাথ চ্যাটার্জী ষ্ট্রীট, |

অত্র ফ্যামিলী এ্যারেঞ্জমেন্ট পত্রে -

- জন সাক্ষি রহিল ।

ইসাদি :

Bimal Kumar Dutta
Relea Dutta
Pranab Kr Dutta
Probir Kumar Dutta
Anju Bose
Manju Basu
[signature]

মুসাবিদা কারক :-

[signature]
এ্যাডভোকেট
High Court Calcutta.

witness: [signature]
Advocate High Court
Calcutta

N. C. Bose
5/1, Madhab Lane
Cal-25

টাইপ কারক :

[signature]
সমীর বিশ্বাস
১ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট
কলিকাতা - ৭০০০০১ ।

THE SEAL OF THE REGISTRAR OF CALCUTTA

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA
28/2/32

Book No I
Volume No 163
Pages 401 to 410
Being No 6328
for the year 1992

************************************

বাংলা সন ১৩৯৮ সালের - ১৪ই চৈত্র ।

ইংরাজী সন ১৯৯২ সালের - 28th মার্চ ।

************************************

# মেমোরেন্ডাম অফ পার্টিশান

বা

# ফ্যামিলী এ্যারেঞ্জমেন্ট পত্র ॥

SEAL OF THE REGISTRAR ... CALCUTTA

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.
5/10/93

প্রথম পক্ষ : শ্রী বিমল কুমার দত্ত ।

দ্বিতীয় পক্ষ : শ্রীমতী রেবা রানী দত্ত -দীং ।

SEAL OF THE REGISTRAR ... CALCUTTA

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA.

মিঃ এ. কে. ঘোষ
এ্যাডভোকেট ,
হাইকোর্ট - কলিকাতা

************************************